

বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর  
বার্ষিক অডিট রিপোর্ট

রিপোর্টের সন : ২০১৩-২০১৪

প্রথম খণ্ড

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

অর্থ বছর : ২০১২-২০১৩

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

## সূচিপত্র

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর
১.	বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন	ক
২.	মহাপরিচালকের বক্তব্য	খ
৩.	Abbreviation & Glossary	গ
৪.	প্রথম অধ্যায়	১
	অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ	৩
	অডিট বিষয়ক তথ্য	৫
	ম্যানেজমেন্ট ইস্যু	৫
	অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ	৫
	অডিটের সুপারিশ	৫
৫.	দ্বিতীয় অধ্যায় ( অডিট অনুচ্ছেদসমূহ)	৭-২৪
৬.	মহাপরিচালকের স্বাক্ষর	২৪
৭.	অনুচ্ছেদ ভিত্তিক পরিশিষ্ট	দ্বিতীয় খন্ড

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশস) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এডিশনাল ফাংশস) (এ্যামেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখঃ ২৫/০৮/১০ বঙ্গাব্দ  
৪২৪৫/২৫/২২ খ্রিস্টাব্দ  
২২/১২/১৪২৪  
০৫/০৪/২০১৮

স্বাক্ষরিত

মাসুদ আহমেদ  
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল  
বাংলাদেশ

৩৯৯৯৯৯

(৩৯৯৯৯৯ ৩৯৯৯৯৯)

৩৯৯৯৯৯

(৩৯৯৯৯৯ ৩৯৯৯৯৯)

খ

## মহাপরিচালকের বক্তব্য

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর নিয়ন্ত্রণাধীন কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের আর্থিক কর্মকান্ড স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নমুনা মূলক যাচাইয়ের মাধ্যমে নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়। আর্থিক অনিয়ম চিহ্নিতকরণ এবং অনিয়ম রোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা পর্যালোচনাসহ সরকারি সম্পদ/ অর্থের ক্ষয়-ক্ষতির পরিমাণ এবং অনিয়মসমূহ যথাযথ কর্তৃপক্ষের নজরে আনয়ন করাই এ নিরীক্ষার মূল উদ্দেশ্য। এ রিপোর্টে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের যে সকল আর্থিক অনিয়ম অন্তর্ভুক্ত করা হয়েছে তা বিবেচ্য সময়ের অথবা পূর্ববর্তী সময়ের লেনদেন ও আয় ব্যয়ের অংশ বিশেষ মাত্র। এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়ম পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা এবং সরকারি বিধি-বিধান পরিপালন না করায় অনিয়মগুলো সংঘটিত হয়েছে যার প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো। অডিট আপত্তিতে জড়িত অর্থ আদায়ের ক্ষেত্রে প্রশাসনিক কর্তৃপক্ষের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়া প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলা নিশ্চিতকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি রোধ করাও সম্ভব। মূল রিপোর্টের কলেবর বৃদ্ধি না করে আপত্তি সংশ্লিষ্ট প্রমাণক ও বিস্তারিত পরিসংখ্যান (পরিশিষ্টসমূহ) পৃথক একটি খণ্ডে অর্থাৎ দ্বিতীয় খণ্ডে অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রযোজ্য ক্ষেত্রে নিরীক্ষার আন্তর্জাতিক মানদণ্ড তথা International Standards for Supreme Audit Institutions (ISSAI) এর প্রাসঙ্গিক ধারাসমূহ এবং Government Auditing Standards সমূহ বিবেচনায় নিয়ে আলোচ্য নিরীক্ষা সম্পাদন ও রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। আর্থিক ব্যবস্থাপনায় শৃঙ্খলা প্রতিষ্ঠা এবং এর গুণগত মান বৃদ্ধিতে এ রিপোর্টটি ইতিবাচক অবদান রাখবে বলে আশা করা যায়।

**স্বাক্ষরিত**

(মোঃ গোলাম মোস্তফা)

মহাপরিচালক

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

তারিখঃ ০৬/১২/১৪২৪ ..... বঙ্গাব্দ  
২০/০৩/২০১৮ ..... খ্রিস্টাব্দ

গ

## Abbreviation & Glossary

- 1 LTU= Large Tax Unit.
- 2 PLA/C = Profit and Loss Account
- 3 SDRT = Share Demat, Remat and Transfer Fees
- 4 SRO= Statutory Regulatory Order.

## প্রথম অধ্যায়

(অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

## অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

ক্র.নং	শিরোনাম	জড়িত টাকা	পৃষ্ঠা নম্বর
১.	গ্রামীণ ফোন লিমিটেড কর্তৃক প্রকৃত রাজস্ব প্রাপ্তি অপেক্ষা কম রাজস্ব প্রাপ্তি দেখিয়ে নীট লাভ কম দেখানোর ফলে আয়কর ও সরল সুদ কম ধার্য।	৩৯৪,১৫,৯২,৯৪৭/-	৯
২.	৫টি বাণিজ্যিক ব্যাংক কর্তৃক অতিরিক্ত প্রফিট ট্যান্স প্রদান করা হয়নি।	২১৯,৪৯,৫৮,১৬৬/-	১০
৩.	রবি আজিয়াটা লিমিটেড কর্তৃক ব্যবসা বহির্ভূত খরচ দাবী করে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম প্রদান।	২২,৬৩,৫০,২৬৮/-	১১
৪.	স্ট্যান্ডার্ড চ্যাটার্ড ব্যাংক কর্তৃক কমিশন কম প্রাপ্তি এবং অননুমোদনযোগ্য খরচ দাবী করে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম প্রদান।	৪৩,৩২,৪৮,১০১/-	১২
৫.	হংকং সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিঃ (HSBC) কর্তৃক Remitted profit এর উপর আয়কর পরিশোধ করা হয়নি।	৬৩,৭৫,৭০,৬৯৫/-	১৩
৬.	ট্রান্সকম বেভারেজ লিঃ কর্তৃক অননুমোদন যোগ্য বিয়োজনকে মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর ও সরল সুদ কম প্রদান।	৯,২৭,২০,১৬৪/-	১৪
৭.	স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর বিক্রয় হতে প্রদেয় ভ্যাট বাদ দিয়ে এবং অননুমোদন যোগ্য খরচ অননুমোদন করে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম ধার্য।	৪৩,২৪,২৯,২১৮/-	১৫
৮.	এনসিসি ব্যাংক লিঃ কর্তৃক চূড়ান্ত করদায়ের বিপরীতে অতিরিক্ত প্রদর্শিত আয়ের উপর প্রযোজ্য হারে করারোপ না করায় এবং অননুমোদন যোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর কম প্রদান।	৮,৬৭,৪৪,৪৬৪/-	১৬
৯.	আকিজ সিমেন্ট কোম্পানী লিমিটেড কর্তৃক বিয়োজনযোগ্য নয় এবং অননুমোদনযোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর বাবদ কম প্রদান	২০,৭৪,৪৪,৩৮০/-	১৭
১০.	রহিম আফরোজ ব্যাটারিজ লিমিটেড কর্তৃক বিয়োজনযোগ্য নয় এবং অননুমোদনযোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর বাবদ কম প্রদান।	১১,২৪,৫১,৬৯৫/-	১৮
১১.	আর.এ.কে সিরামিকস লিঃ কর্তৃক নির্ধারিত ব্যয় সীমার অতিরিক্ত খরচ দাবী এবং অননুমোদনযোগ্য খরচ মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় কম নিরূপন করায় আয়কর কম প্রদান।	১২,৫৫,২৯,০৫৩/-	১৯
১২.	রহিম আফরোজ সুপার স্টোর লিঃ এর অননুমোদন যোগ্য খরচকে অননুমোদন করে মোট আয় কম নিরূপন করায় আয়কর ও সরল সুদ কম ধার্য।	২,৭০,২৯,৮৫১/-	২০
১৩.	শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড কর্তৃক অননুমোদনযোগ্য খরচ মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর ও সরল সুদ কম প্রদান।	৬,০৪,১৫,৩৭২/-	২১
১৪.	অলটেক্স ইন্ডাঃ লিঃ এর নিরূপিত ব্যবসা বহির্ভূত আয়ের উপর সাধারণ হারে করারোপ না করায় আয়কর ও সরল সুদ কম ধার্য।	১,৬২,৯৫,৭৯২/-	২২
১৫.	এ্যাসেনসিয়াল ড্রাগস লিঃ এর অননুমোদন যোগ্য খরচকে অননুমোদন করে মোট আয় কম নিরূপন করায় আয়কর ও সরল সুদ কম ধার্য।	১,৪৭,১০,৩৮৭/-	২৩
১৬.	সিএমসি কামাল টেক্সটাইল মিলস লিঃ এর অন্যান্য সূত্রের আয়কে ব্যবসায়িক আয় হিসেবে গণ্য করায় আয়কর ও সরল সুদ কম ধার্য।	৯৭,৮৮,৯৯৭/-	২৪
	সর্বমোট জড়িত টাকা	৮৬১,৯২,৭৯,৫৫০/-	

## অডিট বিষয়ক তথ্য

নিরীক্ষা অর্থ বৎসর	: ২০১২-২০১৩ খ্রিঃ
নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম	: কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU) কার্যালয়, ঢাকা।
নিরীক্ষা প্রকৃতি	: নিয়মানুগ নিরীক্ষা (Compliance Audit)
নিরীক্ষার সময়	: ১৬/০২/২০১৪ হতে ১৭/০৪/২০১৪ খ্রিঃ
নিরীক্ষা পদ্ধতি	: <ul style="list-style-type: none"> <li>▪ বিশ্লেষণাত্মক (Analytical)</li> <li>▪ দৈবচয়ন নমুনায়ন পদ্ধতি নির্ধারণ।</li> <li>▪ বাস্তব জিজ্ঞাসার মাধ্যমে তথ্যাদি সংগ্রহ।</li> <li>▪ উর্ধ্বতন কর্তৃপক্ষের সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে মতামত গ্রহণ।</li> </ul>
অডিট রিপোর্ট প্রণয়নে সার্বিক তত্ত্বাবধান	: মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর।

### ম্যানেজমেন্ট ইস্যু :

- অভ্যন্তরীণ নিরীক্ষা (Internal Audit) কার্যক্রমের আওতা বৃদ্ধি করা।
- পূর্ববর্তী নিরীক্ষার সুপারিশসমূহ বাস্তবায়নে উদ্যোগী ভূমিকা গ্রহণ করা।

### অনিয়ম ও ক্ষতিসমূহের কারণঃ

- বাণিজ্যিক ব্যাংকগুলো কর্তৃক আয়কর অধ্যাদেশের ধারা 16C, 29, 29(i)(viiiiaa), 30,33(e) এবং 82C(6) এর ব্যত্যয়।
- উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রাপ্ত নীট রাজস্ব হতে প্রদেয় ভ্যাট বাদ দিয়ে রাজস্ব কম প্রদর্শন।
- অনুমোদনযোগ্য সীমার অতিরিক্ত খরচ দাবী করা।
- সরলসুদ সঠিক ভাবে আরোপ না করা।
- প্রযোজ্য হার অপেক্ষা কম হারে করারোপ।
- রেয়াতী হারে কর প্রদানকারী কোম্পানীকে অন্যান্য উৎসের আয়ের উপর কম হারে করারোপ।
- 19(27) ধারায় কার্যক্রম গ্রহণ না করা।
- প্রকৃত প্রাপ্তি অপেক্ষা কম প্রাপ্তি প্রদর্শন।
- 2(26)(dd) অনুযায়ী উৎসে কর কর্তন না করা।

### অডিটের সুপারিশঃ

- বাণিজ্যিক ব্যাংকগুলো কর্তৃক আয়কর অধ্যাদেশের ধারা 16C, 29, 29(i)(viiiiaa), 30 এবং 82C(6) অনুযায়ী বিধি বিধান নিশ্চিত হয়ে কর নির্ধারণ কাজ সম্পন্ন করা।
- অনুমোদনযোগ্য সীমার অতিরিক্ত ব্যয় অনুমোদন না করা।
- নীট বিক্রয় হতে প্রদেয় ভ্যাট বাদ দিয়ে আয়কর নির্ধারণ না করা।
- প্রযোজ্য হারে করারোপ করা।
- কর অবকাশ ভোগকারী প্রতিষ্ঠান যাতে ধারা 46A(7)(C) অনুযায়ী উৎসে কর কর্তন নিশ্চিত করা।
- ক্ষেত্র বিশেষে আয়কর অধ্যাদেশের ধারা 163(3)(m) এবং মূসক আইনের ধারা ২৪ক অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা।
- 2(26)(dd) ধারার উৎসে কর কর্তনের বিষয়ে নিশ্চিত হওয়া।
- 53F ধারায় কর কর্তনের বিষয়ে 83(2) ধারায় কর নির্ধারণের সময় যাচাই পূর্বক কর নির্ধারণ কার্য সম্পন্ন করা।



द्वितीय अध्याय  
(अडिट अनुच्छेदसमूह)

অনুচ্ছেদ নং-১৯

**শিরোনাম :** গ্রামীণ ফোন লিমিটেড কর্তৃক প্রকৃত রাজস্ব প্রাপ্তি অপেক্ষা কম রাজস্ব প্রাপ্তি দেখিয়ে নীট লাভ কম দেখানোর ফলে আয়কর ও সরল সুদ বাবদ কম ধার্য ৩৯৪,১৫,৯২,৯৪৭/- টাকা ।

**বিবরণ :** কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU) টাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে গ্রামীণ ফোন লিমিটেড এর ২০১২-১৩ কর সনের আয়কর নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় যে, বার্ষিক হিসাব বিবরণীর নোট নং ৩৪ এ নীট বিক্রয় যা দেখানো হয়েছে তা বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল কৃত ভ্যাট রিটার্ন (মুসক-১৯) তার চেয়ে বেশি নীট বিক্রয় প্রদর্শিত ছিল। ফলে আয়কর ও সরল সুদ বাবদ ৩৯৪,১৫,৯২,৯৪৭/- টাকা কম ধার্য হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “১(১) ও ১(২)” ]

**অনিয়মের কারণ :** ভ্যাট রিটার্ন মুসক -১৯ এ অতিরিক্ত প্রদর্শিত নীট বিক্রয় যা আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত এ্যানুয়াল রিপোর্টের Trading একাউন্টে ১৪১২,৯৬,৫০,৫১২/- টাকা কম প্রদর্শিত বিক্রয়, উহার উপর এস প্রফিট (জি.পি) রেশিও এর ৫৭.৫১% আয়কর অধ্যাদেশের ধারা 33(e) অনুযায়ী মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর কম ধার্য হয়।

**ফলাফল :** আয়কর ও সুদ কম আদায়ের ফলে রাজস্ব ক্ষতি।

**অডিট প্রতিষ্ঠানের জবাবঃ** অডিট আপত্তি অনুযায়ী আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারায় কার্যক্রম গ্রহণের জন্য অতিরিক্ত কর কমিশনার মহোদয়ের নিকট সুপারিশ করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫ খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় গ্রামীণ ফোন লিঃ এর একাউন্টস রিকনসিলিয়েশন, ভ্যাট রিটার্ন এবং অডিটেড একাউন্টসসহ বিস্তারিত লিখিত বক্তব্য অডিট অধিদপ্তরে প্রেরণের জন্য সুপারিশ করা হয়। কিন্তু সভার সুপারিশ অনুযায়ী গৃহীত কার্যক্রমের কোন অগ্রগতি অডিট অধিদপ্তরকে জানানো হয়নি। দাখিলপত্রে (মুসক-১৯) প্রদর্শিত নীট বিক্রয় অপেক্ষা বার্ষিক হিসাব বিবরণীর ট্রেডিং একাউন্টে কম বিক্রয় দেখানোর ফলে যে পরিমাণ মোট আয় কম নিরূপণ করা হয়েছে উহার উপর বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে জড়িত কর আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশঃ** অডিট আপত্তিতে জড়িত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-২।

শিরোনাম :

পাঁচ (০৫) টি বাণিজ্যিক ব্যাংক কর্তৃক অতিরিক্ত মুনাফা কর (Profit Tax) বাবদ ২১৯,৪৯,৫৮,১৬৬/- টাকা প্রদান করা হয়নি।

বিবরণ :

কর কমিশনার বৃহৎ করদাতা ইউনিট (LTU) ঢাকা, কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বৎসরে হিসাব নিরীক্ষাকালে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, দি হংকং সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, ব্রাক ব্যাংক লিঃ ও ইষ্টার্ন ব্যাংক লিঃ এর আয়কর রিটার্নসহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় ব্যালেন্স সীটে প্রদর্শিত পরিশোধিত মূলধন এবং সংবিধিবদ্ধ রিজার্ভের সমষ্টির ৫০ শতাংশের বেশী পরিমাণ টাকা আয়কর রিটার্নে ব্যবসায়িক আয় প্রদর্শন করা হয়। মূলধন ও রিজার্ভের ৫০% এর অতিরিক্ত যে অংশটুকু ব্যবসায়িক আয় দেখানো হয়েছে উহার উপর আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 16C ধারা অনুযায়ী নিয়মিত করের বাইরে আরো ১৫ শতাংশ অতিরিক্ত কর ২১৯,৪৯,৫৮,১৬৬/- টাকা আরোপ করা হয়নি। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “২”]

অনিয়মের কারণ :

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 16C ধারা এবং বাংলাদেশ ব্যাংকের ৭/৩/২০১১ তারিখের সার্কুলার নং-বিআরপিডি(আর-১)৭৬০/২০১১-১৩৪ অনুযায়ী অতিরিক্ত প্রফিটের উপর সংশ্লিষ্ট ব্যাংক গুলোর নিয়মিত করের বাইরেও অতিরিক্ত মুনাফা কর প্রদান করা আবশ্যিক ছিল। কিন্তু এক্ষেত্রে উক্ত বিধান কার্যকর করা হয়নি।

ফলাফল :

অতিরিক্ত মুনাফা কর কম প্রদানের ফলে ক্ষতি।

অডিট প্রতিষ্ঠানের জবাবঃ স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, এইচ এস বিসি, ব্র্যাক ব্যাংক লিঃ এর আয়কর রিটার্ন গুলো জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে অডিটের জন্য নির্বাচিত হয়েছে। ৮২ বিবি (৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়গুলো বিবেচনায় নিয়ে কর নির্ধারণ করা হবে। ন্যাশনাল ব্যাংক লিঃ ও ইষ্টার্ন ব্যাংক লিঃ এর অতিরিক্ত প্রফিট ট্যাক্স প্রযোজ্য নয়।

নিরীক্ষা মন্তব্য :

জবাব সন্তোষজনক নয়। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ন্যাশনাল ব্যাংক লিঃ ও ইষ্টার্ন ব্যাংক লিঃ এর জবাব ত্রি-পক্ষীয় সভায় গ্রহণযোগ্য হয়নি। কারণ ন্যাশনাল ব্যাংকের আপত্তিটি হলো ২০১১-২০১২ কর সন সংশ্লিষ্ট, কিন্তু যে জবাব দেয়া হয়েছে উহাতে ২০১১-২০১২ কর সন সংশ্লিষ্ট তথ্য ছিল না। ইষ্টার্ন ব্যাংকের জবাবে পরিশোধিত মূলধন ও সংবিধিবদ্ধ রিজার্ভের বাইরেও টাকার অংক হিসাব করে মূলধন ও রিজার্ভের পরিমাণ বাড়িয়ে জবাব দেয়া হয়েছে, যা 16C ধারা ও বাংলাদেশ ব্যাংকের উক্ত সার্কুলারের পরিপন্থী। তাই ন্যাশনাল ব্যাংক লিঃ ও ইষ্টার্ন ব্যাংক লিঃ এর বিষয়ে ১২০ ধারায় কার্যক্রম গ্রহণ এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, দি হংকং সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিঃ ও ব্রাক ব্যাংক লিঃ এর ৮২ বিবি(৩)/৮৩(২) ধারায় কার্যক্রম গ্রহণ করে অতিরিক্ত প্রফিট ট্যাক্সের টাকা আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। আপত্তিগুলো সঠিক হওয়ায় ত্রি-পক্ষীয় সভায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে আদায় করার জন্য সুপারিশ করা হলেও অন্যবিধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষার সুপারিশঃ

আপত্তিকৃত সমুদয় টাকা বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতঃ আদায় করে নিরীক্ষাকে অবহিত করা প্রয়োজন।

অনুচ্ছেদ নং-৩।

- শিরোনাম :** রবি আজিয়াটা লিমিটেড কর্তৃক ব্যবসা বহির্ভূত খরচ দাবী করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর বাবদ কম প্রদান ২২,৬৩,৫০,২৬৮/- টাকা।
- বিবরণ :** বৃহৎ করদাতা ইউনিট (LTU) ট্যাঞ্জ, ঢাকা, কার্যালয় এর ২০১২-১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে রবি আজিয়াটা লিমিটেড এর ২০১২-১৩ কর সনের ৮২বিবি ধারায় দাখিলকৃত রিটার্ন, এ্যানুয়াল রিপোর্ট, ট্যাঞ্জ কম্পিউটেশন সীট সহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায়, প্রফিট এন্ড লস একাউন্টে সীম কার্ড বিক্রয়ের উপরে ভ্যাট এবং সম্পূরক শুল্কের যে সাবসিডি (Subsidy) দেয়া হয়েছে উহা পুনরায় খরচ হিসেবে দাবী করায় আয়কর বাবদ ২২,৬৩,৫০,২৬৮/- টাকা কম প্রদান করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট "৩" ]
- অনিয়মের কারণ :** নির্ধারিত ট্যারিফ মূল্য হতে কম মূল্যে সীম কার্ড বিক্রয় করে ভ্যাট ও সম্পূরক শুল্ক বাবদ যে সাবসিডি (Subsidy) প্রদান করা হয়েছে, উহা আয়কর আইনের ২৯ ধারা অনুযায়ী ব্যবসায়িক খরচ না হওয়া সত্ত্বেও মোট আয়ের সাথে যোগ না করে আয় কম নিরূপণ করায় রাজস্ব ক্ষতি হয়েছে।
- ফলাফল :** আয়কর কম নিরূপণ করায় রাজস্ব ক্ষতি।
- অডিট প্রতিষ্ঠানের জবাবঃ** সাবসিডি অন একুইজিশন (ভ্যাট এন্ড এসডি অন সিম) খাতে দাবীকৃত ব্যয় ৮২ বিবি/৮২ বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণী আদেশে উক্ত দাবীকৃত ব্যয় ২৯ ধারায় অনুমোদন যোগ্য নয় বিধায় মোট আয়ের সাথে যোগ করা হয়েছে।
- নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। মোট আয়ের সাথে যোগকৃত টাকার বিপরীতে দাবীকৃত কর আদায় করার জন্য সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, জড়িত অর্থ দ্রুত আদায় করা প্রয়োজন।
- নিরীক্ষার সুপারিশঃ** আপত্তিকৃত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৪ ৥

শিরোনাম : স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক কর্তৃক কমিশন কম প্রাপ্তি এবং অননুমোদনযোগ্য খরচ দাবী করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর বাবদ কম প্রদান ৪৩,৩২,৪৮,১০১/- টাকা ।

বিবরণ : বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক এর ২০১২-২০১৩ কর সনের ৪২BB ধারায় দাখিলকৃত আয়কর রিটার্ন সহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় করদাতা প্রতিষ্ঠান Royalty খরচের টাকা পরিশোধের সময় আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৫২A(২) অনুযায়ী উৎসে কর কর্তন করা হয়নি। তবুও উক্ত খরচ অননুমোদনযোগ্য হিসাবে বিবেচনা করা হয়। তাছাড়া প্রকৃত কমিশন প্রাপ্তি অপেক্ষা কম কমিশন প্রাপ্তি দেখিয়ে লাভ-ক্ষতি হিসাব (Profit and Loss) একাউন্টে আয় কম দেখানো হয়। ফলে এরূপ অননুমোদনযোগ্য খরচ দাবী ও কমিশন প্রাপ্তি কম দেখিয়ে মোট আয় কম নিরূপণ করায় আয়কর বাবদ ৪৩,৩২,৪৮,১০১/- টাকা কম প্রদান করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “৪(১) ও ৪ (২) ]

অনিয়মের কারণ : উৎসে কর কর্তন না করা হলে উক্ত খরচ উক্ত অধ্যাদেশের ৩০ (aa) ধারা অনুযায়ী অননুমোদনের সুযোগ নেই। অধিকন্তু পি এল একাউন্টে কম কমিশন প্রাপ্তির টাকা ৩০ (e) ধারায় মোট আয়ের সাথে যোগ না করায় রাজস্ব ক্ষতি।

ফলাফল : আয়কর কম নিরূপণ করায় রাজস্ব ক্ষতি।

অডিট প্রতিষ্ঠানের জবাবঃ রয়্যালটি বাবদ ব্যয় (রয়্যালটি এক্সপেন্সেস খাতে) ট্যাক্স কর্তন প্রযোজ্য। বিষয়টি আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৮২বিবি (৩) ধারায় অডিট নিষ্পত্তির সময় খতিয়ে দেখা হবে।

নিরীক্ষা মন্তব্য : জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫ খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় উক্ত অধ্যাদেশ এর ৮২বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে আয়ের সাথে যোগ করে কর নির্ধারণ করা জন্য সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। রয়্যালটি খরচ হতে উৎসে কর কর্তন এবং কমিশন কম প্রাপ্তি দেখানোর বিষয়টি ৮২বিবি(৩)/ ৯৩/৮৩(২) ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে ধার্যযোগ্য করের টাকা আদায় করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশঃ অডিট আপত্তিকৃত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৫ ৷

- শিরোনাম :** হংকং সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিঃ (HSBC) কর্তৃক Remitted profit এর উপর অপরিশোধিত আয়করের পরিমাণ ৬৩,৭৫,৭০,৬৯৫/- টাকা ।
- বিবরণ :** কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বৎসরের হিসাব নিরীক্ষাকালে দি হংকং সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিঃ (HSBC) এর ২০১১-২০১২ কর সনের নথি পরীক্ষায় দেখা যায় যে, এ্যানুয়াল রিপোর্ট এর Cash flow statement এ Cash remitted to head office ৩১৮,৭৮,৫৩,৪৮০/- টাকা দেখানো হয়েছে। উক্ত remittance এর উপর ২০ শতাংশ হারে ৬৩,৭৫,৭০,৬৯৫/- টাকা উৎসে আয়কর প্রদেয়। কিন্তু অডিট চলাকালীন উক্ত করদাতার নথিতে এ বিষয়ে উৎসে কর জমার কোন তথ্য পাওয়া যায়নি।
- অনিয়মের কারণ :** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 2(26)(dd) অনুযায়ী উক্ত remittance (যা লভ্যাংশ হিসাবে বিবেচিত) করদাতার লভ্যাংশ হিসেবে গণ্য এবং অর্থ আইন ২০১১ এর তফসিল অনুযায়ী ২০১১-২০১২ কর সনের লভ্যাংশের উপর নির্ধারিত হারে আয়কর প্রদান করা হয়নি।
- ফলাফল :** রেমিটেড প্রোফিট এর উপর আয়কর প্রদান না করায় রাজস্ব ক্ষতি।
- অডিট প্রতিষ্ঠানের জবাব:** করদাতা কোম্পানী আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৮২ বিবি ধারায় রিটার্ন দাখিল করেছে। জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ৮২ বিবি (৩) ধারায় রিটার্নটি অডিটের জন্য নির্বাচিত হয়েছে। সেহেতু ৮২ বিবি (৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়গুলি বিবেচনায় এনে মামলা নিষ্পত্তি করা হবে।
- নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৮২বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে আয়ের সাথে যোগ করে আয়কর নির্ধারণ করার জন্য সুপারিশ করা হলেও, উক্ত কার্য সম্পাদন করে অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব প্রদান করা হয়নি। আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 2(26)(dd) অনুযায়ী Profit Remittance to Head office কে করদাতার লভ্যাংশ হিসাবে গণ্য করা হয়েছে বিধায় উক্ত টাকার উপর অর্থ আইন ২০১১ এর তফসিল অনুযায়ী ২০ শতাংশ হারে কর আদায় করা প্রয়োজন।
- নিরীক্ষার সুপারিশ:** অডিট আপত্তি অনুযায়ী বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ আপত্তিকৃত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৬ II

শিরোনাম :

ট্রাস্কম বেভারেজ লিঃ কর্তৃক অননুমোদনযোগ্য বিয়োজনকে মোট আয়ের সাথে যোগ না  
করায় আয়কর ও সরল সুদ বাবদ কম প্রদান ৯,২৭,২০,১৬৪/-টাকা

বিবরণ :

বৃহৎ করদাতা ইউনিট(LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে  
ট্রাস্কম বেভারেজ লিঃ এর ২০১২-২০১৩ কর সনের নথি পরীক্ষায় দেখা যায় Fixed Asset  
Schedule এ মোটর ভেহিকেলস খাতে পরিশোধিত মূলধনের ১০% অপেক্ষা ৭৬,৮৬,৩৪১/-টাকা  
বেশি যোগ করা হয়। নতুন অতিরিক্ত সংযোজনের ৫০% আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা  
19(27) অনুযায়ী মোট আয়ের সাথে যোগ করা হয়নি।

সার্টিফাইড এ্যানুয়াল রিপোর্ট এর নোট নং-২৮ এ বিক্রয় হতে সম্পূরক শুল্ক ও ভ্যাট বাদ দিয়ে  
বিক্রয় কম দেখানো হয়েছে। মূল্য সংযোজন কর বিধিমালা ১৯৯১ অনুযায়ী বিক্রয়  
রেজিস্টারে(মূসক-১৭) বিক্রয়ের সাথে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক যুক্ত থাকে না। তাছাড়া  
এ ধরনের বিয়োজন মূসক-১৯ ধারা সমর্থিত নয় এবং আয়কর অধ্যাদেশের ধারা 29 অনুযায়ী  
অনুমোদনযোগ্য নয়।

সার্টিফাইড এ্যানুয়াল রিপোর্ট এর নোট নং-৩০ এ ম্যানেজমেন্ট ফি এবং সিকিউরিটি চার্জ বাবদ  
দাবীকৃত খরচ হতে উৎসে আয়কর ও ভ্যাট কর্তন প্রযোজ্য থাকলেও আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর  
ধারা 52 এবং বিধি 16 অনুযায়ী এবং মূসক আইনের সংশ্লিষ্ট বিধি ও SRO অনুযায়ী উৎসে  
আয়কর ও ভ্যাট কর্তন করা হয়নি।

বিধায় 30(aa) ধারা অনুযায়ী উক্ত খরচ অননুমোদনযোগ্য হওয়া সত্ত্বেও মোট আয়ের সাথে যোগ  
করা হয়নি, ফলে উক্ত খরচ সমূহকে অগ্রাহ্য করে মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় কম  
নিরূপণ করায় আয়কর ও সরল সুদ বাবদ মোট ৯,২৭,২০,১৬৪/- টাকা কম প্রদান করা হয়।

[ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “৫” ]

অনিয়মের কারণ :

আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 19(27) এবং 30(aa) অনুযায়ী খরচ অননুমোদনযোগ্য  
হওয়া সত্ত্বেও মোট আয়ের সাথে যোগ করা হয়নি।

ফলাফল :

আয়কর ও সুদ কম প্রদানের ফলে রাজস্ব ক্ষতি।

অডিট প্রতিষ্ঠানের জবাবঃ অডিট আপত্তি মোতাবেক আয়কর রিটার্নটি জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে ৮২বিবি(৩)

ধারায় অডিটের জন্য নির্বাচিত হয়েছে। সেহেতু ৮৩(২) ধারায় কর নির্ধারণ কালে অডিট আপত্তির  
বিষয়গুলো বিবেচনায় এনে কর মামলা নিষ্পন্ন করা হবে।

নিরীক্ষা মন্তব্য :

জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ,  
০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে  
মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া  
যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫ খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৮২  
বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে আয়ের সাথে  
যোগ করে আয়কর নির্ধারণ করার জন্য সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব  
প্রেরণ করা হয়নি।

নিরীক্ষার সুপারিশঃ

বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করে অডিট আপত্তিকৃত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা  
আবশ্যিক।

অনুচ্ছেদ নং- ৭।।

**শিরোনাম :** স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর বিক্রয় হতে প্রদেয় ভ্যাট বাদ দিয়ে এবং অননুমোদনযোগ্য খরচ অননুমোদন করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর বাবদ কম ধার্য ৪৩,২৪,২৯,২১৮/- টাকা।

**বিবরণ :** কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের অডিটে স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড এর ২০১২-১৩ কর সনের ৮৩(২) ধারায় প্রণীত করাদেশ সহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায়, Income Statement এ টার্নওভার থেকে প্রদেয় ভ্যাট বাদ দিয়ে দেখানো হয়। মূসক বিধি -১৯৯১ এ বিক্রয় রেজিস্টারে (মূসক-১৭) বিক্রয় মূল্যের সাথে মূসক সংযুক্ত থাকে না, তাই এক্ষেত্রে উক্ত বিয়োজন আয়কর অধ্যাদেশের ধারা ২৭ অনুযায়ী অননুমোদনযোগ্য নয়।

Share Demat, Remat and Transfer fees বাবদ পরিশোধিত টাকা হতে পরিশিষ্টে বর্ণিত এস.আর.ও অনুযায়ী উৎসে কর কর্তন করা হয়নি। তাছাড়া রপ্তানীর বিপরীতে ৬ষ্ঠ তফসিল পার্ট এ এর অনুচ্ছেদ -২৮ অনুযায়ী রেয়াত গ্রহণ করার পরও হ্রাসকৃত হারে করারোপ করা হয়। উল্লেখ্য যে, রপ্তানীর বিপরীতে রেয়াত গ্রহণের পর হ্রাসকৃত হারে করারোপ করার কোন বিধান নেই। উপরোক্ত কারণগুলো বিবেচনায় না নিয়ে মোট আয় কম নিরূপণ করায় আয়কর বাবদ ৪৩,২৪,২৯,২১৮/-টাকা কম ধার্য করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “৬” ]

**অনিয়মের কারণ :** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৭ এর পরিপন্থীভাবে এবং ৩০(aa) অনুযায়ী অননুমোদনযোগ্য খরচকে অননুমোদন করে কর নির্ধারণ করায় আয়কর কম ধার্য হয়েছে।

**ফলাফল :** আয়কর কম নিরূপনের ফলে রাজস্ব ক্ষতি।

**অডিট প্রতিষ্ঠানের জবাব:** অতিরিক্ত কর কমিশনার কর্তৃক আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারা অনুযায়ী কার্যক্রম গ্রহণের নিমিত্তে করদাতাকে নোটিশ প্রদান করেছেন।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ১২০ ধারায় কার্যক্রম সম্পন্ন করে আপত্তিকৃত টাকা আদায় করা জন্য সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব প্রেরণ করা হয়নি। অতএব, আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ:** বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় পূর্বক নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।



অনুচ্ছেদ নং-৮ ৷

**শিরোনাম :** এনসিসি ব্যাংক লিঃ কর্তৃক চূড়ান্ত করদায়ের বিপরীতে অতিরিক্ত প্রদর্শিত আয়ের উপর প্রযোজ্য হারে করারোপ না করায় এবং অননুমোদনযোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর বাবদ কম প্রদান ৮,৬৭,৪৪,৪৬৪/- টাকা ।

**বিবরণ :** বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে এনসিসি ব্যাংক লিঃ এর ২০১২-২০১৩ কর সনের ৪২BB ধারায় দাখিলকৃত আয়কর রিটার্নসহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় করদাতা প্রতিষ্ঠান কর্তৃক তাদের ব্রোকারেজ কমিশনের বিপরীতে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩BBB ধারায় কর্তৃত কর ৪২C(২)(K) ধারায় চূড়ান্ত করদায়ের বিপরীতে নিরূপিত আয়ের চাইতে রিটার্নে অতিরিক্ত আয় প্রদর্শন করা হয়। কিন্তু অতিরিক্ত প্রদর্শিত আয়ের উপরে ৪২C(৬) ধারা অনুযায়ী প্রযোজ্য হারে করারোপ করা হয়নি। তাছাড়া দাবীকৃত Car expenses, CDBL চার্জ Contribution to NCC Bank Foundation খরচ অননুমোদনযোগ্য হওয়া সত্ত্বেও মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় কম নিরূপন করায় আয়কর বাবদ ৮,৬৭,৪৪,৪৬৪/- টাকা কম প্রদান করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “৭” ]

**অনিয়মের কারণ :** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ৪২C(৬) এবং ৩০ (aa) অনুযায়ী অতিরিক্ত প্রদর্শিত আয় এবং অননুমোদনযোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ করা হয়নি।

**ফলাফল :** আয়কর কম প্রদানের ফলে রাজস্ব ক্ষতি।

**অডিট প্রতিষ্ঠানের জবাবঃ** করদাতা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৮২বিবি ধারায় সংশ্লিষ্ট করবর্ষের রিটার্নটি দাখিল করেছেন যা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ৮২বিবি(৩) ধারায় অডিটের জন্য নির্বাচিত হয়েছে। অডিট নিষ্পত্তির সময় এবং কর নির্ধারণ আদেশ প্রণয়নের সময় উক্ত বিষয় সমূহ বিবেচনায় নেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫ খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৮২বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে আয়ের সাথে যোগ করে আয়কর নির্ধারণ করে আপত্তিকৃত টাকা আদায় করার সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায় আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশঃ** বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতঃ আপত্তিকৃত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-৯ ৥

**শিরোনাম :** আকিজ সিমেন্ট কোম্পানী লিমিটেড কর্তৃক অনুমোদনযোগ্য ব্যয় এবং বিয়োজনযোগ্য নয় এরূপ খরচকে মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর বাবদ কম প্রদান ২০,৭৪,৪৪,৩৮০/-টাকা।

**বিবরণ :** বৃহৎ করদাতা ইউনিট (LTU) ট্যাঞ্জ, ঢাকা কার্যালয় এর ২০১২-১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে আয়কর অধ্যাদেশের ৮২বিবি ধারায় আকিজ সিমেন্ট কোম্পানী লিমিটেড কর্তৃক দাখিলকৃত রিটার্নসহ ২০১২-১৩ কর সনের আয়কর নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায়, নীট বিক্রয় হতে প্রদেয় ভ্যাট বাদ দিয়ে বিক্রয় কম দেখানো হয়, যা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৭ ধারা এবং বিয়োজনযোগ্য গ্যাস বিল, বিজ্ঞাপন ও প্রচার খরচের টাকা প্রদানের সময় উৎসে কর কর্তন না করা সত্ত্বেও খরচ ৩০(aa) ধারা অনুযায়ী মোট আয়ের সাথে যোগ করা হয়নি। স্থায়ী সম্পদের সিডিউলে গাড়ী ক্রয় বাবদ পেইড আপ ক্যাপিটাল এর ১০% এর বেশী টাকা ব্যয় করা হলেও উক্ত অতিরিক্ত টাকার ৫০% পরিমাণ ১৯(২৭) ধারা অনুযায়ী মোট আয়ের সাথে যোগ করা হয়নি। ফলে অননুমোদনযোগ্য খরচ মোট আয়ের সাথে যোগ না করে রিটার্ন দাখিল করায় আয়কর বাবদ ২০,৭৪,৪৪,৩৮০/- টাকা কম প্রদান করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্টে "৮" ]

**অনিয়মের কারণ :** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১৯(২৭), ২৭ এবং ৩০(aa) ধারার ব্যত্যয়ের কারণে মোট আয় কম নিরূপণ করায় আয়কর কম প্রদান করা হয়।

**ফলাফল :** আয়কর কম প্রদানের ফলে রাজস্ব ক্ষতি।

**অডিট প্রতিষ্ঠানের জবাবঃ** জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে রিটার্নটি ৮২বিবি(৩) ধারায় অডিটের জন্য নির্বাচিত হয়েছে। ৮২ বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে কর মামলা নিষ্পন্ন করা হবে।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ষিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৮২ বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে আয়কর নির্ধারণের জন্য সুপারিশ করা করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। ফলে সুপারিশ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে আপত্তিতে জড়িত টাকা আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশঃ** বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করে অডিট আপত্তির টাকা আদায় করতঃ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-১০ ॥

**শিরোনাম :** রহিম আফরোজ ব্যাটারিজ লিমিটেড কর্তৃক বিয়োজনযোগ্য নয় এবং অননুমোদনযোগ্য খরচকে মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর বাবদ কম প্রদান ১১,২৪,৫১,৬৯৫/- টাকা।

**বিবরণ :** কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে আয়কর অধ্যাদেশের ৮৩(২) ধারায় রহিম আফরোজ ব্যাটারিজ লিঃ এর ২০১২-২০১৩ কর বর্ষের প্রণীত করাদেশসহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় লাভ ক্ষতি হিসাবের নোট নং ১৯ এ স্থানীয় বিক্রয় হতে প্রদেয় ভ্যাট কর্তন করে দেখানো হয়েছে। মূসক বিধি ১৯৯১ এবং মূসক ফরম-১৭ (বিক্রয় রেজিস্টার) অনুযায়ী বিক্রয়ের সাথে মূসক যুক্ত থাকে না। তাছাড়া এই ধরনের বিয়োজন মূসক ১৯ দ্বারা (দাখিল পত্র) সমর্থিত হয়নি। Lease Rental Expense থেকে আয়কর অধ্যাদেশের ধারা 53J অনুযায়ী উৎসে আয়কর কর্তন করা হয়নি বিধায় 30(aa) ধারা অনুযায়ী উক্ত খরচ অননুমোদনযোগ্য। বিয়োজনকৃত প্রদেয় ভ্যাট এবং অননুমোদনযোগ্য Lease Rental Expense মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর বাবদ ১১,২৪,৫১,৬৯৫/- টাকা কম ধার্য করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “৯” ]

**অনিয়মের কারণ :** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 29 এবং 30(aa) ধারার ব্যত্যয়ের কারণে মোট আয় কম নিরূপণ করায় আয়কর বাবদ উক্ত টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।

**ফলাফল :** আয়কর কম প্রদানের ফলে রাজস্ব ক্ষতি।

**অডিট প্রতিষ্ঠানের জবাব:** অডিট আপত্তি অনুযায়ী আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারায় কার্যক্রম গ্রহণের নিমিত্তে করদাতাকে নোটিশ প্রদান করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় করদাতা প্রতিষ্ঠানের একাউন্টস রিকনসিলিয়েশন, ভ্যাট রিটার্ন, অডিটেড একাউন্টসসহ বিস্তারিত জবাব বিশ্লেষণের জন্য অডিট অধিদপ্তরে প্রেরণের সুপারিশ করা হলেও তা পরিপালন করা হয়নি। জবাব এবং ত্রি-পক্ষীয় সভার সুপারিশ অনুযায়ী কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে সে সম্পর্কে অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ:** অডিট আপত্তিতে জড়িত করের টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-১১ ৥

- শিরোনাম :** আর.এ.কে সিরামিকস লিঃ কর্তৃক নির্ধারিত ব্যয় সীমার অতিরিক্ত খরচ দাবী এবং অননুমোদনযোগ্য খরচ মোট আয়ের সাথে যোগ না করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর বাবদ কম প্রদান ১২,৫৫,২৯,০৫৩/- টাকা ।
- বিবরণ :** কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয় এর ২০১২-১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে আয়কর অধ্যাদেশের ৪২BB ধারায় আর.এ.কে সিরামিকস লিঃ এর ২০১২-১৩ কর বর্ষের দাখিলকৃত রিটার্ন, এ্যানুয়াল রিপোর্ট, ট্যাক্স কম্পিউটেশন সীট সহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায়, এ্যানুয়াল রিপোর্ট এর নোট নং-২১ এ ভ্যাট এবং সম্পূরক শুল্ক বাবদ (৬৩৭৬৫৯৩৮২ + ৭৩৩৩০৮২৮৭) টাকা = ১৩৭,০৯,৬৭,৬৬৯/- বিক্রয় হতে বাদ দিয়ে দেখানো হয়। নোট নং-২২ এ Royalty & Technical Know How(Assistance) Fees খাতে 30(h) ধারায় অননুমোদনযোগ্য সীমা ৮% এর অতিরিক্ত খরচ দাবী করা হয়। তাছাড়া অননুমোদনযোগ্য প্রোভিশন ও খরচ মোট আয়ের সাথে যোগ না করায় আয়কর বাবদ ১২,৫৫,২৯,০৫৩/- টাকা কম প্রদান করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “১০” ]
- অনিয়মের কারণ :** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর 19, 29 এবং 30(h) ধারার ব্যত্যয়ের কারণে মোট আয় কম নিরূপণ করায় সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে।
- ফলাফল :** আয়কর কম নিরূপনের ফলে রাজস্ব ক্ষতি।
- অডিট প্রতিষ্ঠানের জবাবঃ** অডিট আপত্তি মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়কর রিটার্নটি ৮২বিবি(৩) ধারায় অডিটের জন্য নির্বাচিত হয়েছে। মামলাটি নিষ্পত্তিকালে অডিট আপত্তির বিষয় সমূহ যথাযথভাবে বিবেচনায় এনে কর নির্ধারণ কাজ সম্পন্ন করা হবে।
- নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৮২বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে কর নির্ধারণের জন্য সুপারিশ করা হলেও তা পরিপালন করে নিষ্পত্তিমূলক জবাব প্রেরণ করা হয়নি। বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করে আপত্তিতে জড়িত টাকা আদায় করা প্রয়োজন।
- নিরীক্ষার সুপারিশঃ** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৮২বিবি(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণ সম্পন্ন করতঃ আপত্তিকৃত করের টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং- ১২৯

শিরোনাম : রহিম আফরোজ সুপার স্টোর লিঃ এর অননুমোদন যোগ্য খরচকে অননুমোদন করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর ও সরল সুদ বাবদ কম ধার্য ২,৭০,২৯,৮৫১/- টাকা ।

বিবরণ : বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে রহিম আফরোজ সুপার স্টোর লিঃ এর ২০১২-১৩ কর বর্ষের নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় যে, প্রফিট এন্ড লস একাউন্টে বিক্রয় হতে প্রদেয় মূসক বাদ দিয়ে বিক্রয় কম দেখানো হয়েছে। মূসক বিধি ১৯৯১ অনুযায়ী বিক্রয় রেজিস্টারে (মূসক-১৭) বিক্রয়ের সাথে মূসক যুক্ত থাকেনা, তাছাড়া আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৯ অনুযায়ী এ ধরনের বিয়োজন অননুমোদন যোগ্য নয়। Loyalty Expenses, Credit Card charges এবং Security Service বাবদ দাবীকৃত খরচের টাকা পরিশোধের সময় বিধি মোতাবেক উৎসে আয়কর ও ভ্যাট কর্তন না করা সত্ত্বেও খরচ অননুমোদন করে মোট আয় কম নিরূপণ করা হয়। এরূপ অননুমোদনযোগ্য বিয়োজন সমূহকে অননুমোদন করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর ও সরল সুদ বাবদ ২,৭০,২৯,৮৫১/- টাকা কম ধার্য করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “১১” ]

অনিয়মের কারণ : আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৯ এবং ৩০ (aa) অনুযায়ী অননুমোদনযোগ্য খরচকে আয় হিসেবে গণ্য করে মোট আয় নিরূপণ না করায় রাজস্ব ক্ষতি।

ফলাফল : আয়কর কম নিরূপনের ফলে রাজস্ব ক্ষতি।

অডিট প্রতিষ্ঠানের জবাব : অডিট আপত্তি অনুযায়ী আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারায় কার্যক্রম গ্রহণের নিমিত্তে করদাতাকে নোটিশ প্রদান করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য : জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ১২০ ধারায় কার্যক্রম গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় করার সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশ : আপত্তিতে জড়িত করের টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-১৩ ৥

**শিরোনাম :** |হাজালাল ইসলামী ব্যাংক লিমিটেড কর্তৃক অননুমোদনযোগ্য খরচ মোট আয়ের সাথে যোগ না  
করায় আয়কর ও সরল সুদ বাবদ কম প্রদান ৬,০৪,১৫,৩৭২/- টাকা।

**বিবরণঃ** বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে  
শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ এর ২০১২-২০১৩ কর সনের ৮২বিবি ধারায় দাখিলকৃত আয়কর  
রিটার্ন সহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় করদাতা প্রতিষ্ঠান কর্তৃক তাদের কার  
এক্সপেনসেস খাতে ৩,৪৩,০১,৮০৮/- টাকা খরচ দাবী করা হয়, যা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর  
২৯ ধারা অনুযায়ী ব্যবসায়িক খরচ নয়। তাই উক্ত খরচ মোট আয়ের সাথে যোগ করা আবশ্যিক  
হওয়া সত্ত্বেও তা করা হয়নি এবং সিকিউরিটি সার্ভিস খাতে ৪৯,৮৭,১৯৬/- টাকা খরচ দাবী করা  
হয়। উক্ত দাবীকৃত খরচ হতে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১১/৬/২০০৯ তারিখের  
SRO নং-১১৩/আইন/২০০৯/৫২১-মূসক অনুযায়ী উৎসে মূসক কর্তন করা হয়নি এবং আয়কর  
অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 52AA অনুযায়ী উৎসে কর কর্তন করা হয়নি। তাই 30(aa) ধারা  
অনুযায়ী উল্লেখিত খরচ অননুমোদনযোগ্য, যা মোট আয়ের সাথে যোগ করা যোগ্য হওয়া সত্ত্বেও  
যোগ না করায় এবং অগ্রিম কর কম প্রদানের জন্য সরল সুদ ধার্য না করায় আয়কর বাবদ  
৭,০৮,৯২,২৫৯/- টাকা কম প্রদান করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “১২”]

**অনিয়মের কারণ :** আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 29, 30 (aa), 52AA অনুযায়ী অননুমোদনযোগ্য খরচকে  
মোট আয়ের সাথে যোগ না করায় রাজস্ব ক্ষতি।

**ফলাফল :** আয়কর কম প্রদানের ফলে রাজস্ব ক্ষতি।

**অডিট প্রতিষ্ঠানের জবাবঃ** করদাতা আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৮২বিবি ধারায় সংশ্লিষ্ট কর বর্ষের রিটার্নটি দাখিল  
করিয়াছেন যাহা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ৮২বিবি(৩) ধারায় অডিটের জন্য নির্বাচিত হয়েছে। অডিট  
নিষ্পত্তির সময় এবং কর নির্ধারণ আদেশ প্রণয়নের সময় উক্ত বিষয় সমূহ বিবেচনায় নেয়া হবে।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ,  
০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে  
মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া  
যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ৮২বিবি  
(৩)/৮৩(২) ধারায় কর নির্ধারণের সময় অডিট আপত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে আয়কর নির্ধারণের  
জন্য সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, বিধি  
মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশঃ** বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ অডিট আপত্তিকৃত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা  
আবশ্যিক।

অনুচ্ছেদ নং-১৪।

শিরোনাম : অলটেল ইন্ডাঃ লিঃ এর নিরূপিত ব্যবসা বহির্ভূত আয়ের উপর সাধারণ হারে করারোপ না করায় আয়কর ও সরল সুদ বাবদ কম ধার্য ১,৬২,৯৫,৭৯২/- টাকা ।

বিবরণ : কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে আয়কর অধ্যাদেশ এর ৮৩(২) ধারায় অলটেল ইন্ডাঃ লিঃ কর্তৃক প্রণীত করাদেশসহ নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় আইটি-৩০ এ ব্যবসায়িক আয় ও অন্যান্য উৎসের আয়ের উপরে রেয়াতি হারে অর্থাৎ ১৫ শতাংশ হারে করারোপ করা হয়।

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের SRO নং ২০৭-আইন/ আয়কর/২০০৮ তাং ৩০/৬/২০০৮ এবং SRO নং ২২১-আইন/ আয়কর/২০১১ তাং ০৪/০৭/২০১১ অনুযায়ী টেক্সটাইলস ব্যবসা খাতের উদ্ভূত আয়ের উপর ১৫% হারে আয়কর আরোপযোগ্য। ব্যবসা বহির্ভূত ১৯(১)/৩৩ ধারায় নিরূপিত অন্যান্য উৎসের আয়ের উপর রেয়াতি হারে করারোপ বিধি সম্মত নয়, উক্ত SRO অনুযায়ী শুধুমাত্র ২৮ ধারায় নিরূপিত ব্যবসায়িক আয়ের উপর রেয়াতি হারে করারোপযোগ্য। এ ক্ষেত্রে সম্পূর্ণ আয়ের উপরে রেয়াতি হারে কর আরোপ করায় আয়কর ও সরলসুদ বাবদ ১,৬২,৯৫,৭৯২/- টাকা কম ধার্য করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “১৩” ]

অনিয়মের কারণ : ব্যবসা বহির্ভূত আয়ের উপর রেয়াতি হারে করারোপ করায় রাজস্ব ক্ষতি।

ফলাফল : নির্ধারিত হারের চেয়ে কম হারে করারোপ করায় রাজস্ব ক্ষতি।

অডিট প্রতিষ্ঠানের জবাবঃ অডিট আপত্তি অনুযায়ী আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারায় কার্যক্রম গ্রহণের নিমিত্তে করদাতাকে নোটিশ প্রদান করা হয়েছে।

নিরীক্ষা মন্তব্য : জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ১২০ ধারায় কার্যক্রম গ্রহণ করে আপত্তিকৃত করের টাকা আদায় করার সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

নিরীক্ষার সুপারিশঃ আপত্তিকৃত করের টাকা আদায় করতঃ নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং-১৫ ৥

**শিরোনাম :** এ্যাসেনসিয়াল ড্রাগস লিঃ এর অননুমোদনযোগ্য খরচকে অননুমোদন করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর ও সরল সুদ বাবদ কম ধার্য ১,৪৭,১০,৩৮৭/- টাকা ।

**বিবরণ :** কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-২০১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে এ্যাসেনসিয়াল ড্রাগস লিঃ এর ২০১২-১৩ কর সনের নথি পরীক্ষা করা হয়। পরীক্ষায় দেখা যায় যে, বার্ষিক হিসাব বিবরণীর নোট ২৩ এ গ্যাস বিল ও নোট নং-২৮ এ প্রফেশনাল ফি (Fees) খরচ দাবী করা হয়, অথচ আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা 52 ও বিধি 16 এবং 52A(3) ধারা অনুযায়ী উক্ত খাত গুলোতে উৎসে কর কর্তন যোগ্য ছিল, যা কর্তন করা হয়নি। তাই ধারা 30(aa) অনুযায়ী উক্ত দাবীকৃত খরচ অননুমোদনযোগ্য এবং মোট আয়ের সাথে যোগ করা আবশ্যিক।

তাছাড়া বার্ষিক হিসাব বিবরণীর ব্যালেন্সসীটে ভবিষ্যতের অনুমিত ব্যয় হিসাবে ২,৯৭,৩৬,৬০০/- টাকা Gratuity Provision করা হয়। আয়কর অধ্যাদেশের ধারা 29 অনুযায়ী এ ধরনের Provision অননুমোদনযোগ্য নয় এবং মোট আয়ের সাথে যোগ করা আবশ্যিক। অননুমোদনযোগ্য Provision এবং খরচ গুলোকে অননুমোদন করে মোট আয় কম নিরূপণ করায় আয়কর ও সরল সুদ বাবদ ১,৪৭,১০,৩৮৭/- টাকা কম ধার্য করা হয়। [ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “১৪” ]

**অনিয়মের কারণ :** দাবীকৃত খরচ হতে আয়কর অধ্যাদেশের ধারা 52, 52A(3) অনুযায়ী উৎসে কর কর্তন না করা এবং বিধি বহির্ভূতভাবে Gratuity Provision করে মোট আয় কম নিরূপণ করায় রাজস্ব ক্ষতি।

**ফলাফল :** আয়কর কম নিরূপণ করায় রাজস্ব ক্ষতি।

**অডিট প্রতিষ্ঠানের জবাব:** অডিট আপত্তি অনুযায়ী আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১২০ ধারায় কার্যক্রম গ্রহণের নিমিত্তে করদাতাকে নোটিশ প্রদান করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য :** জবাব স্বীকৃতিমূলক। বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভায় ১২০ ধারায় কার্যক্রম গ্রহণ করে আপত্তিকৃত করের টাকা আদায় করার সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি। এমতাবস্থায়, বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় করা প্রয়োজন।

**নিরীক্ষার সুপারিশ:** আপত্তিকৃত করের টাকা আদায় করতে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক।



অনুচ্ছেদ নং-১৬ ৥

শিরোনাম :

সি এম সি কামাল টেক্সটাইল মিলস লিঃ এর অন্যান্য আয়কে ব্যবসায়িক আয় হিসেবে গণ্য করায় আয়কর ও সরলসুদ বাবদ কম ধার্য ৯৭,৮৮,৯৯৭/- টাকা ।

বিবরণ :

কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (LTU), ঢাকা কার্যালয়ের ২০১২-১৩ অর্থ বছরের হিসাব নিরীক্ষাকালে সি এম সি কামাল টেক্সটাইল মিলস লিঃ এর ২০১২-১৩ কর সনের নথি পরীক্ষা করা হয় । পরীক্ষায় দেখা যায় অন্যান্য সূত্রের আয়কে ব্যবসায়িক আয় হিসেবে গণ্য করে ১৫ শতাংশ হারে করারোপ করা হয় । এক্ষেত্রে উল্লেখ্য যে, করদাতার ব্যবসায়িক আয় ছাড়াও ব্যাংক ডিপোজিটের উপরে প্রাপ্ত সুদ আয় আছে যা 33(a) ধারা অনুযায়ী অন্যান্য উৎসের আয় হিসেবে গণ্য ।

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর SRO নং ২০৭-আইন/আয়কর/২০০৮ তারিখ ৩০/৬/২০০৮ এবং SRO নং ২২১ আইন/আয়কর/২০১১ তারিখ ৪/৭/২০১১ অনুযায়ী টেক্সটাইল ব্যবসা খাতের উদ্ভূত আয়ের উপর ১৫% হারে আয়কর আরোপযোগ্য । আয়কর অধ্যাদেশের ২৮ধারায় ব্যবসা আয়ের যে সংজ্ঞা আছে তাতে ব্যাংক ডিপোজিটের সুদকে ব্যবসায়িক আয় হিসাবে সংজ্ঞায়িত করা হয়নি । যেহেতু ব্যাংক ডিপোজিটের উপর প্রাপ্ত সুদ উল্লেখিত SRO অনুযায়ী ব্যবসায়িক আয় হিসেবে গণ্য করার কোন সুযোগ নেই, তাই সাধারণ হারে করারোপযোগ্য হওয়া সত্ত্বেও রেয়াতি হারে করারোপ করায় আয়কর ও সরল সুদ বাবদ ৯৭,৮৮,৯৯৭/-টাকা কম ধার্য করা হয় ।

[ বিস্তারিত বিবরণ পরিশিষ্ট “১৫” ]

অনিয়মের কারণ :

ব্যবসা বহির্ভূত আয়ের উপরে সাধারণ হারে করারোপ না করে রেয়াতি হারে করারোপ করায় রাজস্ব ক্ষতি ।

ফলাফল :

আয়কর কম নিরূপন করায় রাজস্ব ক্ষতি ।

অডিট প্রতিষ্ঠানের জবাবঃ

বিজ্ঞ আপীলাত ট্রাইবুনাল ডিভিশন বেঞ্চ-২, ঢাকা এর আদেশ এবং আইটিএ নম্বর ২০১৭ অব ২০১৩-২০১৪, তারিখ ২৯/৬/২০১৪ খ্রিঃ মোতাবেক করদাতার ব্যবসা আয়ের উপর ১৫% হারে এবং অন্যান্য সূত্রের আয়ের উপর ৩৭.৫০% হারে কর ধার্য করা হয়েছে । উক্ত কর আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে ।

নিরীক্ষা মন্তব্য :

জবাব স্বীকৃতিমূলক । বর্ণিত নিরীক্ষা আপত্তির বিষয়ে ১৯/৬/২০১৪ খ্রিঃ তারিখে অগ্রিম অনুচ্ছেদ, ০৮/১০/২০১৪ খ্রিঃ তারিখে তাগিদ পত্র এবং সর্বশেষ ব্যবস্থা হিসেবে ১৯/০১/২০১৫ খ্রিঃ তারিখে মন্ত্রণালয়ের সচিব বরাবর আধা-সরকারি পত্র ইস্যু করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি । সর্বশেষ ২৪/০২/২০১৫খ্রিঃ তারিখে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয় । সভায় বিজ্ঞ আপীলাত ট্রাইবুনালের রায় অনুযায়ী আপত্তিকৃত টাকা আদায়ের যথাযথ কার্যক্রম গ্রহণের সুপারিশ করা হলেও অদ্যাবধি কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি । সুতরাং সৃষ্ট দাবী আদায়যোগ্য ।

নিরীক্ষার সুপারিশঃ

আপীলাত ট্রাইবুনালের রায় অনুযায়ী কার্যক্রম গ্রহণ করে আপত্তিকৃত টাকা আদায় করে নিরীক্ষাকে অবহিত করা আবশ্যিক ।

**স্বাক্ষরিত**

(মোঃ গোলাম মোস্তফা)

মহাপরিচালক

স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর ।